গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা।
www.lgd.gov.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৯৯.২৯.০০১.২২- ৬৫

তারিখ: ১৬ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ।
০১ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয়: সকল বিভাগীয় কমিশনারের কার্যালয়ে পরিচালক, স্থানীয় সরকার, উপপরিচালক, স্থানীয় সরকার এবং সকল জেলা প্রশাসকের কার্যালয়ে উপপরিচালক, স্থানীয় সরকার ও সহকারী পরিচালক, স্থানীয় সরকারগণকে পদায়নের নিমিত্ত তাদের চাকরি স্থানীয় সরকার বিভাগে ন্যস্তকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহ নির্বাচিত জনপ্রতিনিধিদের নেতৃত্বে পরিচালিত অন্যতম স্থানীয় সরকার প্রতিষ্ঠান। স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ এ প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে নগর, গ্রাম ও তৃণমূল পর্যায়ে সরকারের অধিকাংশ নাগরিক সেবা এবং উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হয়ে থাকে। এ ছাড়া স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে অনেক প্রকল্প বাস্তবায়িত হয়। সরকারের এ সেবা ও উন্নয়নমূলক কার্যক্রমের সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছানো তথা সুশাসন নিশ্চিতকরণে কার্যকর মনিটরিং ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

০২। মাঠ পর্যায়ে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট উন্নয়ন ও প্রশাসনিক কার্যক্রমকে অধিকতর গতিশীল করার লক্ষ্যে বিভাগ ও জেলা পর্যায়ে কর্মরত পরিচালক, স্থানীয় সরকার (ডিএলজি), উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) ও সহকারী পরিচালক, স্থানীয় সরকার (এডিএলজি)বৃন্দের গুরুত্ব অপরিসীম। স্থানীয় সরকার বিভাগের অধীন পরিচালক, স্থানীয় সরকার (ডিএলজি), উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) ও সহকারী পরিচালক, স্থানীয় সরকার (এডিএলজি)বৃন্দের বেতন-ভাতা ও গাড়ির জ্বালানী খরচসহ আনুসাঙ্গিক ব্যয় স্থানীয় সরকার বিভাগের সংশ্লিস্ট বাজেট থেকে নির্বাহ করা হচ্ছে।

০৩। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিবীক্ষণ, মূল্যায়ন ও বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে মাঠ পর্যায়ে স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি হিসেবে পরিচালক এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে থাকে। কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বিভাগ ও জেলা কার্যালয়ে পরিচালক, স্থানীয় সরকার (ডিএলজি), উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) ও সহকারী পরিচালক, স্থানীয় সরকার (এডিএলজি)গণকে বিসিএস (প্রশাসন) ক্যাডার হতে সরাসরি পদায়ন করা হয়। ফলে পদায়নকৃত উক্ত কর্মকর্তাগণের উপর স্থানীয় সরকার বিভাগের অনেকাংশে নিয়ন্ত্রণ থাকে না বিধায় মাঠ পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিবীক্ষণ, মূল্যায়ন ও মনিটরিং কার্যক্রম ব্যহত হয়।

০৪। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান/সংস্থা/অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রম অধিকতর পরিদর্শন ও মনিটর করার নিমিত্ত বিভাগ ও জেলা কার্যালয়ে পরিচালক, স্থানীয় সরকার (ডিএলজি), উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) ও সহকারী পরিচালক, স্থানীয় সরকার (এডিএলজি)গণের চাকরি পরবর্তী পদায়নের জন্য স্থানীয় সরকার বিভাগে ন্যস্তকরণের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(সভার কার্যবিবরণী সংযুক্ত)**।

০৫। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ে উন্নয়ন কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও সমন্বয়সহ স্থানীয় সরকারের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিভাগ পর্যায়ের পরিচালক, উপপরিচালক, স্থানীয় সরকার এবং জেলা পর্যায়ের উপপরিচালক, স্থানীয় সরকার ও সহকারী পরিচালক, স্থানীয় সরকার পদে তাঁর মন্ত্রণালয় হতে সরাসরি পদায়ন না করে পরবর্তী পদায়নের লক্ষ্যে তাঁদের-কে স্থানীয় সরকার বিভাগে ন্যস্তকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি : বর্ণনামতে।**

০১.০৩.২০২৩

মাসুরা বেগম
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১
E-mail:mon1@lgd.gov.bd

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি:**

০১। মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা- ৪৬.০০.০০০০.০৯৯.০২৯.০০১.২০২২- ৪৬৪

তারিখ: ০৭ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ।
২২ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয় : বিভাগীয় পর্যায়ে কর্মরত পরিচালক, স্থানীয় সরকারবৃন্দের সাথে সচিব, স্থানীয় সরকার বিভাগ এর সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহম্মদ ইব্রাহিম, সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ (ভবন নং-৭, কক্ষ নং-৬০১)। |
| তারিখ ও সময় | : | ০৭ নভেম্বর ২০২২ খ্রি:, সকাল ১০:০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলের প্রতি শুভেচ্ছা জ্ঞাপনপূর্বক সভার কার্যক্রম শুরু করেন। তিনি তার সূচনা বক্তব্যে দেশের বিভিন্ন বিভাগ হতে আগত পরিচালক, স্থানীয় সরকারগণের উদ্দেশ্যে বলেন যে, পরিচালক এবং উপপরিচালকবৃন্দ মাঠ পর্যায়ে স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। তৃণমূল পর্যায় হতে প্রেরিত তাদের প্রতিবেদনের উপর ভিত্তি করে এ বিভাগ বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ ও নির্দেশনা প্রদান করে থাকে। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, পরিচালক, স্থানীয় সরকারবৃন্দ তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে মনোযোগী ও সচেষ্ট থাকবেন।

০২। সভাপতির অনুমতিক্রমে মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ স্বাগত বক্তব্যে বলেন যে, স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সরকারের মাঠ পর্যায়ের গ্রামীণ অবকাঠামো উন্নয়ন খাতে মোট বরাদ্দের প্রায় এক চতুর্থাংশ অর্থ বরাদ্দ দেয়া হয়ে থাকে। এ বিভাগের কাজের গুনগতমান বজায় রেখে যথাযথ বাস্তবায়নের মধ্য দিয়েই সরকারের ভাবমূর্তি তৃণমূল পর্যায়ে তুলে ধরা যায়। মনিটরিং ও পরিদর্শন কাজে মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মকর্তাগণ স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা এবং প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের আর্থিক বিষয়াদি বাস্তবায়ন, গুণগতমান নিশ্চিতকরণ ও কাজের গতি ত্বরান্বিতকরণে বিশেষ ভূমিকা পালন করে থাকেন। তিনি এ মতবিনিময় সভার মাধ্যমে সভায় অংশগ্রহণকারীগণের মতামত/সুপারিশের ভিত্তিতে একটি বাস্তবভিত্তিক 'কর্ম-পরিকল্পনা' তৈরি করা যাবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

০৩। স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (মওমূ) মতবিনিময় সভার কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি ইতোপূর্বে স্থানীয় সরকার বিভাগে অনুষ্ঠিত গত ১২/১০/২০১৯ খ্রি: তারিখের কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ, মাঠ পর্যায়ে বাস্তবায়িত/বাস্তবায়নাধীন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন কার্যক্রম প্রমাপ অনুযায়ী পরিদর্শন, প্রকল্প মনিটরিং বিষয়ে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত MIS এর তথ্য হালনাগাদকরণের কার্যক্রম গ্রহণ এবং এলজিএসপি এবং ইএলজি হতে প্রাপ্ত (৬৪+০৮)=৭২ (বাহাত্তর)টি জীপ গাড়ি টিওএন্ডই (TO&E) ভুক্তকরণ এবং ৭২ (বাহাত্তর)টি গাড়িচালক এর পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজন বিষয়ে তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয়-১:**

সভায় বিগত ১২/১০/২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পর্যালোচনা করা হয়। প্রতিটি বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণের শূন্য পদে কর্মকর্তা পদায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ/জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। এছাড়া, স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা | (ক) পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণের শূন্য পদে কর্মকর্তা পদায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে; এবং | প্রশাসন অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | এবং প্রতিষ্ঠানের কার্যক্রম বিবেচনায় নিয়ে বাস্তব ভিত্তিক কর্ম-পরিধি (ToR) সংশোধন/সংযোজন করতে হবে; | (খ) পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণের কর্ম-পরিধি (ToR) সংশোধন/ সংযোজন করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে পুনরায় পত্র দিতে হবে। | |
| ২. | উপপরিচালক, স্থানীয় সরকারগণের দপ্তরে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সৃষ্ট 'সহকারী পরিচালক' পদে কর্মকর্তা পদায়ন এবং পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণের কার্যালয়ে ০১ (এক) টি 'উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)' এবং 'প্রশাসনিক কর্মকর্তা'সহ অন্যান্য সহায়ক কর্মচারীর পদ সৃজনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ/ জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে; | (ক) সকল বিভাগ ও জেলা কার্যালয়ে পরিচালক, উপপরিচালক এর কার্যালয়ে সহকারী পরিচালক, স্থানীয় সরকার এর শূন্য পদ জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে পত্র দিতে হবে। এ ছাড়া বিভাগীয় কমিশনারগণের সাথে অনুষ্ঠিতব্য পরবর্তী সভায় বিষয়টি গুরুত্ব আরোপ করে আলোচনা করতে হবে।<br>(খ) প্রতিটি উপপরিচালক, স্থানীয় সরকার এর কার্যালয়ে একজন করে উপ-সহকারী প্রকৌশলীর পদ সৃজনের বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিটির মতামতসহ সুনির্দিষ্ট প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মইই অনুবিভাগ |
| ৩. | প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে মৌলিক কার্যক্রমগুলোর Know-How বিষয়ে প্রশিক্ষণ মডিউল তৈরীপূর্বক পরিদর্শনকারী কর্মকর্তাদের জন্য মন্ত্রণালয়/বিভাগে এবং বিভাগীয় পর্যায়ে স্থানীয় সরকার বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য প্রতি বছর কমপক্ষে ০১ (এক) বার প্রশিক্ষণের আয়োজন করতে হবে; | প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে মৌলিক কার্যক্রমগুলোর Know-How বিষয়ে প্রশিক্ষণ মডিউল তৈরীপূর্বক পরিদর্শনকারী কর্মকর্তাদের জন্য মন্ত্রণালয়/বিভাগে এবং বিভাগীয় পর্যায়ে স্থানীয় সরকার বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য প্রতি বছর কমপক্ষে ০১ (এক) বার প্রশিক্ষণের আয়োজন করার জন্য মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)-কে নির্দেশনা প্রদান করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ৪. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌরসভার মেয়র এবং সংশ্লিষ্ট সচিবদের জেলা পর্যায়ে বছরে ০২ (দুই) বার পৃথকভাবে জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এনআইএলজি) এর সাথে সমন্বয় করে 'রিফ্রেশার প্রশিক্ষণ' এর আয়োজন করতে হবে; | বর্তমানে উক্ত প্রশিক্ষণ চলমান রয়েছে মর্মে জানা যায়। তবে এ বিষয়ে হালনাগাদ অগ্রগতি জানার জন্য পরবর্তী সভায় মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে হবে। | মইই অনুবিভাগ |
| ৫. | গ্রাম আদালতকে অধিকতর কার্যকর করা এবং নির্বিঘ্নে ও স্বল্প ব্যয়ে গ্রামীণ জনগোষ্ঠীর ন্যায় বিচার পাওয়ার লক্ষ্যে প্রতিটি ইউনিয়নকে Activating Village Court প্রকল্পের আওতায় আনার বিষয়ে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অনুবিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন; | গ্রাম আদালতকে অধিকতর কার্যকর করা এবং নির্বিঘ্নে ও স্বল্প ব্যয়ে গ্রামীণ জনগোষ্ঠীর ন্যায় বিচার পাওয়ার লক্ষ্যে প্রতিটি ইউনিয়নকে Activating Village Court প্রকল্পের আওতায় আনার বিষয়ে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ ও মইই অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ৬. | উপজেলা পরিষদের ন্যায় জেলা পরিষদ এবং পৌরসভাসমূহ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাতের বরাদ্দ হতে গৃহিত প্রকল্পসমূহ যাতে একই অর্থ বছরে সমাপ্ত করতে পারে, সে বিষয়ে জেলা পরিষদ ও পৌরসভা অনুবিভাগ (অধিশাখা) নির্দেশনা জারিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | বিষয়টি যাচাই-বাছাই করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ |
| ৭. | এলজিএসপি প্রকল্পসহ অন্যান্য উন্নয়ন প্রকল্পের চাহিদা ভিত্তিক/নির্দিষ্ট অনুপাতে অর্থ বরাদ্দ ও ছাড় করার পূর্বে বার্ষিক 'কর্ম-পরিকল্পনা' গ্রহণ করতে হবে এবং জেলা পরিষদ, উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে তা সমন্বয় করতে হবে; | এলজিএসপি প্রকল্পসহ অন্যান্য উন্নয়ন প্রকল্পের চাহিদা ভিত্তিক/নির্দিষ্ট অনুপাতে অর্থ বরাদ্দ ও ছাড় করার পূর্বে বার্ষিক 'কর্ম-পরিকল্পনা' গ্রহণ এবং জেলা পরিষদ, উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে এ বিভাগের ইউনিয়ন পরিষদ অধিশাখা এর সুপারিশ অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ, ইউনিয়ন পরিষদ অধিশাখা |
| ৮. | পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণের চাহিদা ও অগ্রাধিকারের ভিত্তিতে বেতন-ভাতা, জ্বালানী, ভ্রমণ, দুর্গম ও হাওড় ভাতা, পাহাড়ি ভাতা এবং আপদকালীনসহ প্রভৃতি খাতে পর্যাপ্ত বাজেট বরাদ্দ নিশ্চিত করতে হবে; | ভবিষ্যতে বাজেট প্রাপ্তি সাপেক্ষে পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণের চাহিদা ও অগ্রাধিকারের ভিত্তিতে আপ্যায়ন খাতসহ সংশ্লিষ্ট খাতসমূহে বরাদ্দ প্রদান করতে হবে। | বাজেট অধিশাখা |
| ৯. | বেতন-ভাতাদি উত্তোলনের ক্ষেত্রে দ্বৈততা/ অসামঞ্জস্যতা পরিহারের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ থেকে বাজেট বরাদ্দ প্রদান/উত্তোলনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে; | উপপরিচালক, স্থানীয় সরকারগণের বেতন-ভাতাদি উত্তোলনের ক্ষেত্রে দ্বৈততা/ অসামঞ্জস্যতা পরিহারের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ থেকে বাজেট বরাদ্দ প্রদান/উত্তোলনের বিষয়ে পরবর্তীতে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ১০. | বিভাগ ও জেলা পর্যায়ে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের অনুপস্থিতকালীন রুটিন দায়িত্ব পালনের জন্য জ্যেষ্ঠ/সিনিয়র কর্মকর্তা হিসেবে পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণকে যথাক্রমে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের দায়িত্বভার প্রদানের বিষয়টি বিবেচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে; | বিভাগ ও জেলা পর্যায়ে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের অনুপস্থিতকালীন রুটিন দায়িত্ব পালনের জন্য জ্যেষ্ঠ/সিনিয়র কর্মকর্তা হিসেবে পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণকে যথাক্রমে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের দায়িত্বভার প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করতে হবে। | মইই অনুবিভাগ |
| ১১. | পরিচালক, স্থানীয় সরকারগণকে সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত উন্নয়নমূলক কার্যক্রম মনিটরিং/ পরিদর্শনের দায়িত্ব/ক্ষমতা এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণকে ২য় ও ৩য় শ্রেণীর পৌরসভার স্থলে সকল শ্রেণীর পৌরসভার উন্নয়নমূলক কার্যক্রম | পরিচালক, স্থানীয় সরকারগণকে সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত উন্নয়নমূলক কার্যক্রম মনিটরিং/ পরিদর্শনের দায়িত্ব/ক্ষমতা এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণকে ২য় ও ৩য় শ্রেণীর পৌরসভার স্থলে সকল শ্রেণীর পৌরসভার উন্নয়নমূলক কার্যক্রম মনিটরিং/পরিদর্শনের | নগর উন্নয়ন অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | মনিটরিং/পরিদর্শনের দায়িত্ব/ক্ষমতা প্রদান করা যায় কী না, এ বিষয়ে নগর উন্নয়ন অনুবিভাগ/অধিশাখার মতামত সাপেক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে; | দায়িত্ব/ক্ষমতা প্রদানের বিষয়টি আরো যাচাই-বাছাই করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |
| ১২. | উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দের ক্ষেত্রে ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের পূর্বে এ বিভাগের পরিদর্শনকারী কর্মকর্তা/পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণের নিকট থেকে কাজের অগ্রগতি ও গুণগতমান বিষয়ক প্রতিবেদন/ প্রত্যয়ন নিতে হবে; | উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দের ক্ষেত্রে ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের পূর্বে এ বিভাগের পরিদর্শনকারী কর্মকর্তা/পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণ কর্তৃক প্রদত্ত কাজের অগ্রগতি ও গুণগতমান বিষয়ক প্রতিবেদনটি পর্যবেক্ষণমূলক হতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানের কাজের গতি যেন বাধাগ্রস্থ না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। | বিভাগীয় কমিশনার/ পরিচালক, স্থানীয় সরকার/উপপরিচালক, স্থানীয় সরকার সকল বিভাগ/জেলা |
| ১৩. | পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণ স্থানীয় সরকার বিভাগের যাবতীয় কার্যক্রম মাঠ পর্যায়ে মনিটরিং ও পরিদর্শনকারী কর্মকর্তা হিসেবে দায়িত্বপ্রাপ্ত বিধায় তাদের পদায়ন স্থানীয় সরকার বিভাগে ন্যস্তকরণের বিষয়ে বিবেচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে; | পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণ স্থানীয় সরকার বিভাগের যাবতীয় কার্যক্রম মাঠ পর্যায়ে মনিটরিং ও পরিদর্শনকারী কর্মকর্তা হিসেবে দায়িত্বপ্রাপ্ত বিধায় তাদের পদায়ন স্থানীয় সরকার বিভাগে ন্যস্তকরণের বিষয়ে বিবেচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ১৪. | পরিচালক এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণের পদবী পরিবর্তনক্রমে যথাক্রমে অতিরিক্ত মহাপরিচালক, স্থানীয় সরকার ও পরিচালক, স্থানীয় সরকার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | পরিচালক এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণের পদবী পরিবর্তনক্রমে যথাক্রমে অতিরিক্ত মহাপরিচালক, স্থানীয় সরকার ও পরিচালক, স্থানীয় সরকার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | মইই অনুবিভাগ |
| ১৫. | ইউনিয়ন পরিষদসমূহের আয় বৃদ্ধির লক্ষ্যে জন্ম নিবন্ধন ফি'র একটি অংশ পরিষদের হিসাবে অন্তর্ভূক্তকরণের যৌক্তিকতা যাচাইক্রমে সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে; | ইউনিয়ন পরিষদসমূহের আয় বৃদ্ধির লক্ষ্যে জন্ম নিবন্ধন ফি'র একটি অংশ পরিষদের হিসাবে অন্তর্ভূক্তকরণের যৌক্তিকতা যাচাইক্রমে ইউনিয়নপরিষদ আইন, ২০০৯ এবং এ সংক্রান্ত বিধি-বিধান এর প্রয়োজনীয় সংশোধনী প্রস্তাব প্রস্তুতক্রমে উপস্থাপন করতে হবে। | ইউনিয়ন পরিষদ অধিশাখা |
| ১৬. | বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে নিয়ে প্রতি ০২ (দুই) মাস অন্তর এবং পৌরসভার মেয়র ও সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে নিয়ে প্রতি ০৩ (তিন) মাস অন্তর উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে সমন্বয় ও পর্যালোচনা সভা করতে হবে। এক্ষেত্রে পরিচালক, স্থানীয় সরকারগণ সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন; | বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে নিয়ে প্রতি ০২ (দুই) মাস অন্তর এবং পৌরসভার মেয়র ও সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে নিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে সমন্বয় ও পর্যালোচনা সভা করতে হবে। এক্ষেত্রে পরিচালক, স্থানীয় সরকারগণ সমন্বয়কারীর দায়িত্ব পালন করার জন্য সকল বিভাগীয় কমিশনারগণকে নির্দেশনা প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করতে হবে। | মইই অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | পৌরসভার সচিব বা কর্মকর্তাদের ছুটি অনুমোদনের বিষয়টি বিকেন্দ্রীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ যাচাইপূর্বক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে; | পৌরসভার সচিব বা কর্মকর্তাদের ছুটি অনুমোদনের ক্ষমতা পরিচালক, স্থানীয় সরকারগণের নিকট অর্পনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ |
| ১৮. | গ্রাম পুলিশদের পোষাক ও সরঞ্জামাদির তালিকা হালনাগাদ ও পোশাকের রং পরিবর্তনসহ তাদের নিয়োগ কার্যক্রম সমন্বিতভাবে জেলা হতে সম্পাদন, প্রতি পাঁচ বছরে একবার ০১ (এক) টি বাই-সাইকেল সরবরাহ করা এবং কমপক্ষে ০১ (এক) সপ্তাহের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে যাচাইপূর্বক সংশ্লিষ্ট অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | গ্রাম পুলিশদের পোষাকের রং ইতোমধ্যে পরিবর্তন করা হয়েছে। এ ছাড়া এলজিএসপি প্রকল্প হতে অধিকাংশ জেলায় বাইসাইকেল প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের মডিউল প্রস্তুত করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)-কে নির্দেশনা প্রদান করতে হবে। | ইউনিয়ন পরিষদ অধিশাখা |
| ১৯. | বিভিন্ন দিবসের ন্যায় বছরের যে কোন একটি দিনকে 'স্থানীয় সরকার দিবস' এর মর্যাদা প্রদানের বিষয়ে সম্ভাব্যতা যাচাই করতে হবে; | বিভিন্ন দিবসের ন্যায় বছরের যে কোন একটি দিনকে 'স্থানীয় সরকার দিবস' এর মর্যাদা প্রদানের প্রস্তাবটি যাচাইক্রমে চূড়ান্তকরণের ব্যবস্থা নিতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ২০. | সরকারিভাবে নতুন স্থানে ইউনিয়ন পরিষদ ভবন করার পর পরিষদের পুরাতন জায়গা যথেচ্ছভাবে ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | সরকারিভাবে নতুন স্থানে ইউনিয়ন পরিষদ ভবন করার পর পরিষদের পুরাতন জায়গা ব্যবহারের বিষয়ে কি পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে সে বিষয়ে পরবর্তী সভায় বাস্তবভিত্তিক প্রতিবেদন দাখিল করতে হবে। | ইউনিয়ন পরিষদ অধিশাখা |
| ২১. | ইউনিয়ন পরিষদ/উপজেলা/ জেলা/পৌরসভার পরিদর্শন/মূল্যায়ন ফরম্যাটে বাস্তবতার নিরিখে পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/ সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে; | ইউনিয়ন পরিষদ/উপজেলা/ জেলা/ পৌরসভার পরিদর্শন/ মূল্যায়ন ফরম্যাটে বাস্তবতার নিরিখে পরিবর্তন/ পরিবর্ধন/ পরিমার্জন/ সংশোধনের বিষয়ে সকল পরিচালক এবং উপপরিচারলক, স্থানীয় সরকারগণের মতামত গ্রহণ করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মইই অনুবিভাগ |
| ২২. | স্থানীয় সরকার বিভাগ হতে প্রতি বছর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/উপজেলা পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/জেলা পরিষদ সদস্য ও চেয়ারম্যানগণের সাথে মাঠ পর্যায়ে কর্মরত পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণকে বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফরে অন্তর্ভূক্ত করার বিষয়ে সংশ্লিষ্ট কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | স্থানীয় সরকার বিভাগ হতে প্রতিবছর ইউনিয়ন পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা এবং উপজেলা পরিষদের জনপ্রতিনিধিগণের সাথে মাঠ পর্যায়ে কর্মরত পরিচালক এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণকে বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফরে অন্তর্ভূক্ত করা যায় কিনা সে বিষয়ে স্থানীয় সরকার বিভাগের স্ব-স্ব অনুবিভাগ কর্তৃক কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রশাসন/নগর উন্নয়ন অনুবিভাগ |
| ২৩. | ইউনিয়ন পরিষদের প্রতি বৃহত্তর ওয়ার্ডে ০১ (এক) জন মহিলা গ্রাম পুলিশ নিয়োগের বিষয়ে সংশ্লিষ্ট অনুবিভাগসহ বিদ্যমান আইন, বিধি-বিধান পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | বাজেটের বিষয়টি পর্যালোচনা করে ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এবং এতদসংক্রান্ত বিধি-বিধান যাচাইপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | ইউনিয়ন পরিষদ অধিশাখা |

| | | | |
|---|---|---|---|
| ২৪. | পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় অফিসের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে Strengthening Capacity of the Office's of the DLG & DDLG's নামে একটি প্রকল্প চালুর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারবৃন্দের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় অফিসের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে Strengthening Capacity of the Office's of the DLG & DDLG's নামে একটি প্রকল্প গ্রহণের বিষয়টি পর্যালোচনা করে ব্যবস্থা গ্রহণ করা হবে। | মইই অনুবিভাগ |

আলোচ্য বিষয়-২:

যুগ্মচিব(মওমূ) জানান যে, স্থানীয় সরকার বিভাগসহ এবিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন/ বাস্তবায়িত কার্যক্রম মনিটর জোরদার করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ১০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে এ মন্ত্রণালয় পরিদর্শনকালে মতবিনিময় সভায় প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং বিষয়ে নিম্নরূপ নির্দেশনা/অনুশাসন প্রদান করেনঃ

- ❖ "নির্দেশনা ১৪.৭- উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে গুনগতমান, স্বচ্ছতা, জবাবদিহি ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার এবং কার্যকর মনিটরিং এর জন্য তথ্য প্রযুক্তি ভিত্তিক পদ্ধতি প্রচলনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং
- ❖ নির্দেশনা ১৪.৮- মন্ত্রণালয়/বিভাগসহ সকল দপ্তর/সংস্থার আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে মনিটরিং করে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।"

উল্লিখিত নির্দেশনা অনুযায়ী গত ১৭ নভেম্বর, ২০২০ তারিখে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং সিনিয়র সচিব মহোদয়ের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় সৃজনকৃত এমআইএস এর Prototype টি উপস্থাপন করা হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনা শেষে উপস্থাপিত এমআইএস এর Prototype কিছু সংশোধনীসহ অনুমোদন করা হয় এবং এর উপর ভিত্তি করে পিপিআর'২০০৮ অনুসরণপূর্বক দ্রুততার সাথে পূর্ণাঙ্গ সফটওয়্যার প্রস্তুত ও প্রয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সফটওয়্যার প্রস্তুত ও মেনটেইন্যান্স সেবা প্রদানের জন্য নিয়োগকৃত প্রতিষ্ঠান টেকনোভিস্তার সহায়তায় প্রস্তুতকৃত এই এমআইএস সফটওয়্যার সিস্টেমটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর জাতীয় ডাটা সেন্টারের ক্লাউড সার্ভারে সার্বক্ষণিকভাবে সচল রাখা হয়েছে। সফটওয়্যারটি বর্তমানে লাইভ অবস্থায় কার্যকর রয়েছে।

**সিদ্ধান্ত:**

(ক) পরিদর্শনের ছকটি ইতোপূর্বে প্রণীত পরিদর্শন ছকের আদলে তৈরী করতে হবে।

(খ) পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শনের ছক অনুযায়ী তথ্য সফটওয়্যারে আপলোড করে পরিদর্শন প্রতিবেদন প্রিন্ট করতে পারে এরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) পরিদর্শনকারী কর্মকর্তার পরিদর্শন সংক্রান্ত হার্ডকপি/অন্যান্য প্রমাণক সফটওয়্যারে আপলোড করার ব্যবস্থা থাকতে হবে।

বাস্তবায়নে: মইই অনুবিভাগ।

আলোচ্য বিষয়-৩:

উপসচিব (মনিটরিং-১ শাখা) জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প 'লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি)' এবং 'কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি)' প্রকল্প এ বছর সমাপ্ত হবে। মাঠ পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠান/সংস্থায় বাস্তবায়িত উন্নয়নমূলক কার্যক্রম নিয়মিত তদারকি করার জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প 'লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি)' হতে ৫৭টি এবং 'কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি)' হতে ০৭টিসহ মোট (৫৭+৭)=৬৪টি এবং বিভাগীয় পর্যায়ে কর্মরত ০৮জন উপপরিচালক, স্থানীয় সরকার এর জন্য নতুন ০৮টি জীপ গাড়িসহ সর্বমোট (৬৪+০৮)=৭২ (বাহাত্তর)টি জীপ গাড়ি টিওএন্ডই (TO&E) ভুক্তকরণ এবং ৭২ (বাহাত্তর)টি গাড়িচালক এর পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজন করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর উক্ত গাড়ীগুলো স্ব-স্ব জেলা পরিবহন পুলে জমা দেয়ার জন্য প্রকল্প পরিচালক 'লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি)' এবং 'কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি)' প্রকল্প-কে নির্দেশনা প্রদান করা প্রয়োজন। এ ছাড়া গাড়িগুলো ব্যবহারের ক্ষেত্রে যথাযথভাবে রক্ষণাবেক্ষণকরণসহ স্থানীয় সরকার বিভাগের ছাড়পত্র গ্রহণ করে সৃষ্ট পদে প্রকল্প সমাপ্তির পর গাড়িচালক নিয়োগের উদ্যোগ গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: বিভাগীয় কমিশনার/পরিচালক, স্থানীয় সরকার (সকল বিভাগ) এবং জেলা প্রশাসক/উপপরিচালক, স্থানীয় সরকার (সকল জেলা)।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১১/২০২২

মুহম্মদ ইবরাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ।

পত্র সংখ্যা- ৪৬.০০.০০০০.০৯৯.০২৯.০০১.২০২২- ৪৬৪/১(৮)

তারিখ: ০৭ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ।
২২ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৩। মহাপরিচালক, মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), আগারগাঁও, ঢাকা।
৪। যুগ্মসচিব (মওমূ), স্থানীয় সরকার বিভাগ।
৫। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।
৮। অফিস কপি।

২২/১১/২০২২

মোহাম্মদ সাঈদ-উর-রহমান
উপসচিব
ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১
E-mail:mon1@lgd.gov.bd